গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০৫১.১৮.৬৫৬ তারিখ: ৮ আশ্বিন ১৪২৭
২৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **বিষয়: ভোলা জেলার চরফ্যাশন উপজেলার মিয়াজানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসায় উপাধ্যক্ষ নিয়োগ জালিয়াতি এবং জালিয়াতির মাধ্যমে কাম্য অভিজ্ঞতাবিহীন প্রভাষককে উপাধ্যক্ষ পদে নিয়োগ দেয়ায় নিয়োগপ্রাপ্ত ও এমপিওপ্রাপ্ত জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম(৫৮১১৮৭)এর এমপিও সাময়িক স্থগিত করে কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না এ বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে।**

সূত্র: (১) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ তারিখ: ১৯.০৭.২০১৯খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০১.০৫৪.১৮.৬৮ তারিখ: ১৭.০২.২০২০খ্রি.
(৩) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/পরি/শি-নিয়োগ/২০১৯/৮১৪৩ তারিখ: ১৬.০২.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলার মিয়াজানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসায় উপাধ্যক্ষ নিয়োগ নির্বাচনী বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে সূত্রোক্ত ২ নং স্মারক মতে "জেলা প্রশাসক/ প্রতিনিধি(সিনিয়র সহকারি সচিব পদ মর্যাদার নিচে নয়),ভোলা-০১৭১৫-২১১৮৯৯"-কে মনোনয়ন দেয়া হয়(কপি সংযুক্ত)।

০২. উক্ত নিয়োগ নির্বাচনী বোর্ডের মাধ্যমে সুপারিশপ্রাপ্ত ও নিয়োগপ্রাপ্ত এবং মে-২০২০খ্রি. মাসে উপাধ্যক্ষ হিসেবে এমপিওভুক্ত জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম(৫৮১১৮৭) এর এমপিও সংক্রান্ত নথি পর্যালোচনা করে দেখা যায় যে, নিয়োগ বোর্ডে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি হিসেবে জারী করা ২ নং স্মারকের পত্রটি জালিয়াতি করে নিয়োগ নির্বাচনী বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মনোনিত প্রতিনিধির **{জেলা প্রশাসক/ প্রতিনিধি(সিনিয়র সহকারি সচিব পদ মর্যাদার নিচে নয়)}** পরিবর্তে জালিয়াতি করে মহাপরিচালকের প্রতিনিধি হিসেবে **"জেলা প্রশাসক/ প্রতিনিধি (জেলা শিক্ষা অফিসার, ভোলা, ০১৭১২-২৯১৩৩৯)"** কে দেখানো হয় (কপি সংযুক্ত) এবং তাঁর (জেলা শিক্ষা অফিসার, ভোলা) উপস্থিতিতে নিয়োগ বোর্ড অনুষ্ঠিত হয় এবং নিয়োগ সংক্রান্ত কাগজ পত্রে তিনি (জেলা শিক্ষা অফিসার,ভোলা) স্বাক্ষর করেন। (কপি সংযুক্ত)।

০৩. বর্ণিত মাদ্রাসার উপাধ্যক্ষ নিয়োগের লক্ষ্যে গত ১৪.০৩.২০২০খ্রি. তারিখে বিষয়োক্ত মাদ্রাসায় অনুষ্ঠিত নিয়োগ নির্বাচনী বোর্ডে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মোহাম্মদ ইলিয়াছ সিদ্দিকী।

০৪. উপাধ্যক্ষ হিসেবে নির্বাচিত এবং মে-২০২০খ্রি. মাসে এমপিওভুক্ত জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম (৫৮১১৮৭) মিয়াজানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলাতে উপাধ্যক্ষ হিসেবে নির্বাচিত এবং এমপিওভুক্ত হওয়ার পূর্বে মির্জাকালু ফাজিল মাদ্রাসা, বোরহানউদ্দিন, ভোলাতে আরবী প্রভাষক হিসেবে কর্মরত ছিলেন। অথচ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮, তারিখ: ১৯.০৭.২০১৯খ্রি. এর পরিশিষ্ট-ঘ এর ৭ নং ক্রমিকে ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ পদে নিয়োগের কাম্য অভিজ্ঞতায় বলা আছে-"মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ (আরবী বিষয়সমূহে) মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা আলিম মাদ্রাসায় উপাধ্যক্ষ হিসেবে ০৩ বছরের অভিজ্ঞতাসহ সহকারী অধ্যাপক/প্রভাষক হিসেবে(আরবী বিষয়সমূহে) মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা" যার কোনটিই বর্ণিত শিক্ষক জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম (৫৮১১৮৭) এর ছিল না। বর্ণিত মাদ্রাসার উপাধ্যক্ষ নিয়োগে এর ব্যত্যয় ঘটানো হয়েছে।

০৫. এখানে উল্লেখ্য যে,বর্ণিত মাদ্রাসার উপাধ্যক্ষ নিয়োগের লক্ষ্যে প্রথমবার নিয়োগ নির্বাচনী বোর্ড গত ১৩.০৪.২০১৯খ্রি. তারিখে ঢাকাস্থ মদিনাতুল উলুম মডেল মহিলা কামিল মাদ্রাসায় অনুষ্ঠিত হয়। উক্ত নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা

অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে ছিলেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সাবেক পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জনাব মোহাম্মদ সাজেদুল ইসলাম এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদ।

০৬. প্রথমবার নিয়োগ বোর্ডে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতিনিধি অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদ-এর নিয়োগ বোর্ড সংক্রান্ত রিপোর্ট থেকে জানা যায় যে, নির্ধারিত তারিখ ও সময়ে নিয়োগ বোর্ডের সভা অনুষ্ঠিত হয়েছিল। আরও জানা যায় যে, সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগ বোর্ডের সকল সদস্যের উপস্থিতিতে প্রশ্ন পত্র প্রণয়ন করে লিখিত পরীক্ষা শুরু হয়। পরীক্ষা চলাকালীন সময়ে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোহাম্মদ সাজেদুল ইসলাম পরীক্ষার স্থান ত্যাগ করেন। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি শেষ পর্যন্ত উপস্থিত না থাকায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতিনিধিসহ কমিটির অন্যান্য সদস্যগণ নিয়োগ বোর্ড স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়ে রেজুলেশন করেন এবং স্থান ত্যাগ করেন। তখনকার টেবুলেশন শীট থেকে দেখা যায় যে, নিয়োগ বোর্ড স্থগিত হলেও এতে সকলের স্বাক্ষর রয়েছে। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতিনিধি (অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদ) জানিয়েছেন যে, তিনি টেবুলেশন শীটে স্বাক্ষর করেননি (কপি সংযুক্ত)। তাঁর স্বাক্ষর জাল করা হয়েছে। তদুপরি জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম(৫৮১১৮৭) ছিলেন প্রভাষক এবং কাম্য অভিজ্ঞতা বিহীন। এ ঘটনা জানাজানি হয়ে গেলে তখন বর্ণিত শিক্ষক জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম(৫৮১১৮৭) উপাধ্যক্ষ হিসেবে যোগদান করেও এমপিওভুক্ত হতে পারেন নি।

০৭. উপরি উক্ত ঘটনাপ্রবাহ এবং তথ্য উপাত্ত প্রমাণ করে যে, বর্ণিত মাদ্রাসার উপাধ্যক্ষ নিয়োগে মাদ্রাসার গভর্ণিং বডি এবং জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম(৫৮১১৮৭) যোগসাজশে জালিয়াতি এবং দূর্নীতির আশ্রয় নিয়েছে এবং জালিয়াতি করে নিজেদের তৈরি করা মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির পত্রের মাধ্যমে অভিজ্ঞতা বিহীন জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম(৫৮১১৮৭) উপাধ্যক্ষ হিসেবে নিয়োগ লাভ করে এমপিওভুক্ত হয়েছেন।

০৮. এমতাবস্থায় ভোলা জেলার চরফ্যাশন উপজেলার মিয়াজানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসায় উপাধ্যক্ষ হিসেবে নিয়োগপ্রাপ্ত ও পরবর্তীতে এমপিওভুক্ত জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম(৫৮১১৮৭) এর এমপিও সাময়িকভাবে স্থগিত করা হলো এবং কেন স্থায়ীভাবে এমপিও বাতিল করা হবে না তা পত্রে উল্লিখিত তারিখ থেকে আগামী **১০ (দশ) কর্ম দিবসের মধ্যে** অত্র অধিদপ্তরকে জানানোর জন্য বলা হলো। **নির্ধারিত সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে, এ ব্যাপারে আপনার বক্তব্য নেই। তখন বিষয়টি এক তরফা ভাবে নিষ্পত্তি করা হবে।**

২৩-৯-২০২০
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব শরীফ মোঃ মনিরুল ইসলাম, উপাধ্যক্ষ
(অবৈধ)মিয়াজানপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, চরফ্যাশন,
ভোলা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০৫১.১৮.৬৫৬/১(৬)

তারিখ: ৮ আশ্বিন ১৪২৭
২৩ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন, ঢাকা।
২) উপ পরিচালক, বরিশাল অঞ্চল
৩) জেলা প্রশাসক, ভোলা।
৪) জেলা শিক্ষা অফিসার, ভোলা
৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা ।
৬) অফিস কপি।

২৩-৯-২০২০
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক